ঢাকা ওয়াসা

বিষয়ঃ ০৮ মে, ২০২৫ইং হতে ০৭ আগষ্ট, ২০২৫ইং পর্যন্ত ঢাকা ওয়াসার "Budget Management System Software for DhakaWASA & Paperless Payment System Software for Dhaka WASA"- এর জন্য ক্লাউড (VPS Server) Hosting ভাড়া প্রসঙ্গে।

অনুচ্ছেদঃ ১.০

ঢাকা ওয়াসার Paperless Payment System Software & Budget Management System Software অত্যন্ত গুরুত্বপূর্ণ দুটি সফটওয়্যার। ঢাকা ওয়াসার কাজের অগ্রগতি বৃদ্ধি এবং সহজ সাধ্য করার লক্ষ্যে Paperless Payment System Software ২৬/০৬/২০২২ইং এবং Budget Management System Software ০৪/০১/২০২৩ইং হতে চলমান রয়েছে। Paperless Payment System-এর মাধ্যমে ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তর/বিভাগ, রাজস্ব জোন এবং মডস জোনের ঠিকাদারী বিলসহ যাবতীয় বিল প্রদান করা হচ্ছে। Budget Management System Software-মাধ্যমে বাজেট প্রনয়নসহ যেকোন প্রকার বাজেট সংক্রান্ত প্রতিবেদন অতি দ্রুত প্রস্তুত করা সম্ভব হচ্ছে।

অনুচ্ছেদঃ ১.১

"Budget Management System Software for Dhaka WASA & Paperless Payment System Software for Dhaka WASA" যথাক্রমে ০৩/০৪/২০২৩ইং এবং ২৬/০৯/২০২২ইং তারিখে ঢাকা ওয়াসার সার্ভারে আপলোড করা হয়। ২৫/০৮/২০২৩ইং তারিখে ঢাকা ওয়াসা ভবনে দীর্ঘ সময় বিদ্যুৎ না থাকায় এবং Online UPS এর Backup Power শেষ হয়ে যাওয়ায় সকল সার্ভার একই সাথে ক্রাস করে। এর ফলে জরুরী ভিত্তিতে Budget Management System Software for Dhaka WASA & Paperless Payment System Software for Dhaka WASA-এর প্রস্তুতকারী প্রতিষ্ঠান Coder De Dhaka Ltd সফটওয়্যার দুটির Backup ফাইলের মাধ্যমে ক্লাউড (VPS Server) Hosting ভাড়া করে সফটওয়্যার দুটির সেবা চালু করে এবং সফটওয়্যার গত ০৯/১০/২০২৫ইং তারিখ পর্যন্ত ক্লাউড সার্ভারে হোস্টিং অবস্থায় ছিলো। গত ১১/১০/২০২৫ইং তারিখে সফটওয়্যার দুটি ঢাকা ওয়াসার সার্ভারে স্থানান্তর করা হয় এবং বর্তমানে সফটওয়্যার দুটি ঢাকা ওয়াসার সার্ভারে হোস্টিং অবস্থায় চলমান আছে। ইতিপূর্বে ২৯/০১/২০২৫ইং তারিখে ৩ মাসের ২৪,৮০০/- (চব্বিশ হাজার আটশত মাত্র) টাকার একটি বিল (সংযুক্তিঃ ০১) এবং পরবর্তীতে ১৩/০৫/২০২৫ইং তারিখে ০৮/০২/২০২৫ইং থেকে ০৭/০৫/২০২৫ইং পর্যন্ত তিন মাসের আরেকটি ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত মাত্র) টাকার বিল ক্লাউড (VPS Server) Hosting ভাড়া বাবদ প্রদান করা হয়েছে (সংযুক্তিঃ ০২)।

অনুচ্ছেদঃ ১.২

Coder De Dhaka Ltd নিম্নে বর্ণিত Configuration মোতাবেক ক্লাউড (VPS Server) Hosting-ভাড়া বাবদ ২৫০০০/- (পঁচিশ হাজার মাত্র) টাকার একটি বিল সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট বরাবর প্রদান করেছে (সংযুক্তিঃ ০৩)।

SL No:	Description	Time Duration	USD	Rate (BD)	Amount
1	VPS L SSD, 32 GB RAM, 8 vCPU Cores, Disk 2* 1TB SSD, 32 TB Traffic*, 2 Snapshots, 1 IP Address, OS Alma Linux8. VPS Server Paperless Payment System Software & Budget Management System Software.	08- May -25 To 07-Aug-25	200.00	125.00	25,000.00
		Total	200.00	125.00	25,000.00

অনুচ্ছেদঃ ১.৩

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার সফটওয়্যার হতে নিরবিচ্ছিন্ন সার্ভিস প্রদানের লক্ষ্যে সফটওয়্যার দুটির ক্লাউড (VPS Server) Hosting-ভাড়া অতীব জরুরী ভিত্তিতে প্রদান করার জন্য **পিপিআর-২০০৮ এর ৮১(১) মোতাবেক** = ২৫০০০/- (পঁচিশ হাজার মাত্র) টাকার অস্থায়ী অগ্রীম অনুমোদন করা যেতে পারে, যা এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের "সফটওয়্যার মেইনটেনেন্স" খাত হতে নির্বাহ করা যেতে পারে।

11.11.2025
মোঃ নুর-ই-আলম রিয়াদ
সহকারী প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

11.11.2025
Prog
মোঃ শহীদুল ইসলাম
প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা।

11.11.2025
SA
Engr. Arpita Saha
System Analyst
MIS & Billing Department
Dhaka WASA.

12.11.25
SSA
মোঃ ইলিয়াস উদ্দিন মাহমুদ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

অনুমোদিত

SSA (MIS)

2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

প্রধান প্রকৌশলী মহোদয়

জরুরী	অতীব জরুরী	অদ্যই
সিস্টেম এনালিস্ট	উপস্থাপন করুন	
পি এ টু সিনিয়র সিস্টেম এনালিস্ট	প্রয়োজনীয় ব্যবস্থা নিন	
	আলাপ করুন	
	নথিভুক্ত করুন	

মোঃ ইলিয়াস উদ্দিন মাহমুদ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা।

তারিখঃ

Shahidul (prog)

19.11.2025